[illegible] কাগজ

22

[illegible] 15 AUG 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

# শিক্ষাঙ্গনে সন্ত্রাসের কারণ ও সন্ত্রাস বন্ধের উপায় উদ্ভাবনে সংসদীয় কমিটি হয়েছে

**কাগজ প্রতিবেদক :** শিক্ষাঙ্গনে সন্ত্রাসের কারণ ও সন্ত্রাস বন্ধের উপায় উদ্ভাবনের জন্যে ১৫ সদস্য বিশিষ্ট যে সংসদীয় কমিটি গঠনের কথা হয়েছিলো, গতকাল বুধবার জাতীয় সংসদে ঐ সংসদীয় কমিটির ১৫ জনের মধ্যে ৮ জনের নাম সর্বসম্মতভাবে গ্রহণ করা হয়েছে। সরকারী দলের উপনেতা অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরীর অনুরোধক্রমে স্পীকার জানিয়েছেন, যে, ঐ ৮টি নামের সঙ্গে বিরোধী দলের সদস্যের চীফ হুইপ মোহাম্মদ নাসিম কর্তৃক প্রদত্ত ৭ জন বিরোধী দলের সদস্যের নাম যুক্ত হবে। বিরোধী দলের ৭ জন এবং সরকারী দলে ৮ জন সদস্য সমন্বয়েই, শিক্ষাঙ্গন সন্ত্রাস বিষয়ক পূর্ণাঙ্গ সংসদ কমিটি গঠিত হবে।

গতকাল আইন ও বিচারমন্ত্রী মীর্জা গোলাম হাফিজকে সভাপতি করে সংসদীয় এ কমিটির সরকারী দলের অন্যান্য সদস্যরা হলেন সংসদ উপনেতা, অধ্যাপক বদরুদ্দোজা কৃষিমন্ত্রী মেজর জেনারেল (অবঃ) মাজেদুল হক, স্থানীয় সরকার মন্ত্রী ব্যারিষ্টার আবদুস সালাম তালুকদার, ডেপুটি স্পীকার শেখ রাজ্জাক আলী, পাট প্রতিমন্ত্রী মান্নান ভূইয়া, লেঃ জেঃ (অবঃ) মীর শওকত আলী, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী ডঃ খন্দকার মোশররফ হোসেন।

**সংসদ অধিবেশন সংক্রান্ত আরো খবর শেষ পৃষ্ঠায়**